

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ২৭৭

তারিখ : ০৭ জুন ২০২২ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ১৪ জুন ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।


আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....
.....
নাগেশ্বরী, কুড়িগ্রাম।


০৭/০৬/২২
(মোছাঃ জিন্নাতারা ইয়াসমিন)

সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
ও
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রাশিঅ/নাগ/কুড়ি/২০২২/ ২৭৭(৩)

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষরিত






সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
ও
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ১৪ জুন ২০২২ খ্রিষ্টাব্দ,
সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সভাপতি	 ১৪-০৬-২২	
২	চেয়ারম্যান নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৩	চেয়ারম্যান ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য	 ১৪/০৬/২২	
৪	উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৫	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব	 ১৪-০৬-২২	

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

আলোচনা ও সিদ্ধান্ত :-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।


সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং আলোচনা শুরু হলে উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। এছাড়া তিনি জানান অফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বিভিন্ন ভাতাদি সহায়তা ও বিভিন্ন উন্নয়ন মূলক সেলাই মেশিন প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথাসময়ে সভায় উপস্থাপন করা হবে।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, নারী উদ্যোক্তাদের উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য গঠিত জয়িতা ফাউন্ডেশনের অধীনে এ উপজেলার নারী উন্নয়ন সমিতির মাধ্যমে তৃণমূল পর্যায়ে নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বাজারজাত করা হচ্ছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে নিবন্ধিত মহিলা সমিতিভুক্ত দরিদ্র ও দুস্থ মহিলাদের উন্নয়ন ও অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণসহ আর্থিক সহযোগিতা প্রদান করা হচ্ছে। নারী ও শিশু সুরক্ষার লক্ষ্যে নারী নির্যাতন বন্ধে ১০৯ হটলাইন নম্বর ব্যবহারে সকলকে উদ্বুদ্ধ করা হচ্ছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি জানান যে, বাল্য বিবাহ বন্ধে আরো তৎপর হতে হবে। বিশেষ করে দুর্গম চরাঞ্চলে বাল্য বিবাহের প্রবণতা বেশি লক্ষ্য করা যায়। সুতরাং দুর্গম এলাকায় বাল্য বিবাহ বন্ধে প্রচার প্রচারণা ও সভা সেমিনার আয়োজন করা অনুরোধ জানান।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ রুকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।